অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/29/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নিউ ইয়র্কের কংগ্রেশনাল প্রতিনিধিদলকে চিঠি দিয়েছেন যাতে তারা সিনেটে পাস হওয়া যেকোনো ত্রান প্যাকেজে 500 বিলিয়ন মার্কিন ডলারের অবাধ রাষ্ট্রীয় সাহায্য নিশ্চিত করেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো নিউ ইয়র্কের কংগ্রেশনাল প্রতিনিধিদলকে একটি চিঠি দিয়েছেন যাতে তারা সিনেটে পাস হওয়া যেকোনো ত্রান প্যাকেজে 500 বিলিয়ন মার্কিন ডলারের অবাধ রাষ্ট্রীয় সাহায্য নিশ্চিত করেন।

চিঠিটির সম্পূর্ণ বার্তা নিচে দেওয়া হল:

প্রিয় সিনেটর শুমার এবং জিলিব্র্যান্ড এবং নিউ ইয়র্ক স্টেট কংগ্রেশনাল প্রতিনিধি দলের সদস্যরা:

এই COVID মহামারীর সময় আমাদের স্টেটের জনগণের পক্ষ থেকে আপনাদের সময় এবং মনোযোগ আকর্ষণের জন্য আমি আপনাদের ধন্যবাদ জানাই। আমি নিশ্চিত আপনারা একমত হবেন যে, গত কয়েক দশকের তুলনায় বর্তমানে সরকারের কর্মক্ষমতা অনেক বেশি গুরুত্বপূর্ণ।

আপনারা বর্তমানে যে HEALS অ্যাক্ট বিবেচনা করছেন তা নিউ ইয়র্কের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। আপনারা জানেন ন্যাশনাল গভর্নর্স অ্যাসোসিয়েশন 500 বিলিয়ন মার্কিন ডলার অবাধ রাষ্ট্রীয় সাহায্যের আহ্বান জানিয়েছে। অনেক উল্লেখযোগ্য অর্থনীতিবিদ মন্তব্য করেছেন যে স্টেট এবং স্থানীয় সাহায্য ছাড়া জাতীয় অর্থনীতি ক্ষতিগ্রস্ত হবে এবং একটি মন্দা সম্ভব। আপনারা এটাও জানেন যে অতীতের CARES অ্যাক্ট এমন একটি তহবিল সূত্র অনুসারে ত্রাণ বিতরণ করেছে যা রাজনৈতিকভাবে রিপাবলিকান স্টেটের পক্ষে ছিল এবং নিউ ইয়র্কের জন্য যা বেদনাদায়ক ছিল।

নিউ ইয়র্ক স্টেট ফেডারেল সরকারের কাছ থেকে প্রতিটি COVID কেসের জন্য 25,000 মার্কিন ডলার পেয়েছে এবং আলাস্কা প্রতিটি সিওভিড কেসের জন্য 2.5 মিলিয়ন মার্কিন ডলার পেয়েছে।

এই আইন প্রকৃতপক্ষে স্টেটের বাজেট প্রতিষ্ঠা করবে। স্টেটের আইনসভা এই বছর একটি বাজেট পাস করেছে যা আপনাদের প্রদান করা ফেডারেল সাহায্যের উপর নির্ভর করে। আপনারা জানেন, নিউ ইয়র্ক স্টেটের চলতি অর্থবছরে 14 বিলিয়ন মার্কিন ডলার এবং 2022 সালে 16 বিলিয়ন মার্কিন ডলার রাজস্ব ঘাটতি হবে এবং অতিরিক্ত ফেডারেল সাহায্য ছাড়া আমাদের হাসপাতাল, স্কুল

এবং স্থানীয় সরকারের জন্য তহবিল 20% কমাতে হবে। ফেডারেল আইন স্টেটকে যে পরিমাণ তহবিল প্রদান করবে, ঐ 20% হ্রাসের ব্যাপ্তিও সেই পরিমাণ হবে। উদাহরণস্বরুপ, যদি স্টেট অনুরোধকৃত 14 বিলিয়ন মার্কিন ডলার পায়, তাহলে আমরা এক বছরের (2021) জন্য বাজেট পুরোপুরি অর্থায়ন করতে পারবো। একইভাবে, যদি স্টেট 7 বিলিয়ন মার্কিন ডলার পায়, তাহলে স্কুল, হাসপাতাল এবং স্থানীয় সরকারের বাজেট থেকে 10% কর্তন করা হবে। বর্তমান রিপাবলিকান সিনেট বিলে শিক্ষার জন্য পূর্ণ তহবিল প্রয়োজন। যদি নিউ ইয়র্ক স্টেট 2021 সালের জন্য অন্তত 14 বিলিয়ন মার্কিন ডলার এবং 2022 সালের জন্য 16 বিলিয়ন মার্কিন ডলার না পায়, কিন্তু অবশ্যই শিক্ষার জন্য অর্থায়ন করতে বাধ্য হয়, তাহলে হাসপাতাল এবং স্থানীয় সরকারের জন্য আরও বেশি বাজেট কাটছাঁট করা হবে। এটা শূন্য ফলাফলের খেলা। রাজস্ব ঘাটতির জন্য পূর্ণ তহবিলের অনুপস্থিতিতে, শিক্ষার জন্য পূর্ণ তহবিলের জন্য হাসপাতাল, স্থানীয় সরকার এবং অলাভজনক কর্মকাণ্ডের জন্য 20% এর বেশি অতিরিক্ত বাজেট কাটছাঁট করতে হবে।

স্বচ্ছতার স্বার্থে আমাকে রিপাবলিকান প্রস্তাবিত HEALS আইনের প্রাসঙ্গিকতা সম্পর্কে আরো বিস্তারিত জানাতে দিন:

MTA -এর 12 বিলিয়ন মার্কিন ডলারের ঘাটতি রয়েছে এবং তহবিল ছাড়া টোল এবং ভাড়া বাড়াতে হবে।

বন্দর কর্তৃপক্ষ (Port Authority) ভ্রমণ সংক্রান্ত কার্যক্রম দ্বারা অর্থায়ন করা হয় এবং 3 বিলিয়ন মার্কিন ডলারের ক্ষতির সম্মুখীন হয়েছে। ফেডারেল সহায়তা ছাড়া লাগুয়ার্ডিয়া এবং জন এফ কেনেডি বিমানবন্দরে নির্মাণ এবং অন্যান্য উন্নতি বন্ধ বা বিলম্বিত হতে পারে।

HEALS আইন এছাড়াও নিউ ইয়র্কবাসীদের সম্পত্তি কর নির্ধারণ করবে। আমি হাউস অফ রিপ্রেজেন্টেটিভস, স্পিকার পেলোসি এবং নিউ ইয়র্কের সদস্যদের প্রস্তাবিত HEROES আইনের প্রশংসা করছি। সিনেটের চূড়ান্ত বিলে SALT আইন বাতিলের উপর HEROES অ্যাক্ট বিধান অন্তর্ভুক্ত করা অপরিহার্য। 2017 সালে পাস ফেডারেল SALT আইন কার্যকরভাবে নিউ ইয়র্ক স্টেটের জনগণের কাছ থেকে একটি চুরি ছিল। এই ফেডারেল পদক্ষেপের ফলে নিউ ইয়র্কবাসীদের অতিরিক্ত ফেডারেল ট্যাক্সের পরিমাণ 15 বিলিয়ন মার্কিন ডলার বৃদ্ধি পায়, যা নিউ ইয়র্কবাসীদের উপর গড়ে 4,700 মার্কিন ডলার খরচের বোঝা। বিলে SALT বাতিল করা অপরিহার্য। আমি প্রকাশ্যে আপনাদের এমন কোন বিলের বিরুদ্ধে ভোট দেবার আহ্বান জানিয়েছি যা হাউস বিলের অন্তর্ভুক্ত SALT এর সংস্কার অন্তর্ভুক্ত করে না। নিউ ইয়র্কবাসীরা অনেক অজুহাত শুনেছে।

আমরা বিগত COVID-19 ত্রাণ আইন থেকে শিখেছি যে ফেডারেল সরকার স্বতন্ত্র হাসপাতাল, স্কুল এবং স্থানীয় সরকারকে যে সাহায্য বরাদ্দ করেছে তা স্বেচ্ছাচারী এবং অনানুপাতিক। যদিও আমি সাহায্য প্রদানের রাজনৈতিক ইচ্ছা বুঝতে পারছি, কিন্তু এটা নিউ ইয়র্ক স্টেটের সাহায্য করেনি। তহবিল অন্যায্য এবং অসম হয়েছে। স্টেট আরো সচেতন সিদ্ধান্ত নেওয়ার জন্য ভালো অবস্থানে আছে, তাই আমরা আপনাদের আবারও আহ্বান জানাচ্ছি সিনেটে পাস হওয়া যেকোনো ত্রাণ প্যাকেজে 500 বিলিয়ন মার্কিন ডলার অবাধ রাষ্ট্রীয় সাহায্য নিশ্চিত করার জন্য।

পরবর্তী COVID-19 ত্রাণ আইন গভর্নর হিসেবে আমার বছরগুলোতে ফেডারেল আইনের সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ। এটা নিউ ইয়র্ক স্টেটের উপর অভূতপূর্ব প্রভাব ফেলবে। যখন এই আইন পাস হবে তখন এটি স্কুল, হাসপাতাল, স্থানীয় সরকার, MTA, বন্দর কর্তৃপক্ষ এবং করদাতাদের বছরের জন্য তাদের সম্ভাবনা জানাবে।

আমার অফিস আপনাদের প্রয়োজনীয় যে কোন তথ্য সরবরাহ করতে পারে এবং সিনেটর শুমারকে সিনেটের সংখ্যালঘু নেতা হিসেবে এবং হাউস অ্যাপ্রোপ্রিয়েশন্স কমিটির চেয়ারম্যান কংগ্রেসওম্যান লোয়িকে তথ্য সরবরাহ করছে।

আমরা এই গুরুত্বপূর্ণ আইন সম্পর্কে আপনাদের সাথে কাজ করার অপেক্ষায় রয়েছি।

বিনীত,

অ্যান্ড্রু এম. কুওমো

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন